# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৯৮. জানাবাতের গোসল করার নিয়ম

باب الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

---

আরবী

حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عِيسَى الْخُرَاسَانِيُّ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكٍ، عَنِ ابْنِ أَبِي ذِئْبٍ، عَنْ شُعْبَةَ، قَالَ إِنَّ ابْنَ عَبَّاسٍ كَانَ إِذَا اغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ يُفْرِغُ بِيَدِهِ الْيُمْنَى عَلَى يَدِهِ الْيُسْرَى سَبْعَ مِرَارٍ ثُمَّ يَغْسِلُ فَرْجَهُ فَنَسِيَ مَرَّةً كَمْ أَفْرَغَ فَسَأَلَنِي كَمْ أَفْرَغْتُ فَقُلْتُ لاَ أَدْرِي . فَقَالَ لاَ أُمَّ لَكَ وَمَا يَمْنَعُكَ أَنْ تَدْرِيَ ثُمَّ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلاَةِ ثُمَّ يُفِيضُ عَلَى جِلْدِهِ الْمَاءَ ثُمَّ يَقُولُ هَكَذَا كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَتَطَهَّرُ .

ضعيف ـ

বাংলা

২৪৬। শু’বাহ সূত্রে বর্ণিত। তিনি বলেন, ইবনু ’আব্বাস (রাঃ) জানাবাতের গোসল করার সময় ডান হাত দিয়ে বাম হাতে সাতবার পানি ঢালতেন। তারপর লজ্জাস্থান ধুতেন। একবার তিনি (গোসলের সময়) কতবার পানি ঢেলেছেন তা ভুলে গেলে আমাকে জিজ্ঞাসা করলেন, আমি পানি কতবার ঢেলেছি? আমি বললাম, আমার তো জানা নেই! তিনি বললেন, তোমার মা না থাকুক! তুমি কেন মনে রাখলে না? অতঃপর তিনি সালাতের অযুর ন্যায় অযু করে সমগ্র শরীরে পানি ঢেলে দিলেন এবং বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এভাবেই পবিত্রতা অর্জন করতেন।[1]

দুর্বল।

## English

Shu’bah reported :
when Ibn ‘Abbas took a bath because of sexual defilement, he poured

(water) over his left hand with his right hand seven times. Once he forgot how many times he had poured (water). Therefore he asked me: how many times did I pour (water)? I do not know. He said : may you miss your mother! What prevented you from remembering it? He then performed ablution as he did for prayer and poured water over his skin (body). He then said: this is how the Messenger of Allah (May peace be upon him) purified (himself).

## ফুটনোট

[1] আহমাদ (১/৩০৭, হাঃ ২৮০১)। আহমাদ শাকির বলেন, এর সানাদ হাসান। আল্লামা মুনযিরী ‘মুখতাসারুস সুন্নাহ’ গ্রন্থে (১/১৬৪) বলেন, এখানে শু‘বাহ হচ্ছে আবূ ‘আবদুল্লাহ। তাকে আবূ ইয়াহইয়া বলা হয়। তিনি ‘আবদুল্লাহ ইবনু ‘আব্বাসের মুক্ত দাস। তার হাদীস দ্বারা দলীল দেয়া যাবে না। হাফিয ‘আত- তাক্বরীর’ গ্রন্থে বলেন, তিনি সত্যবাদী কিন্তু স্মরণশক্তি খারাপ। সুতরাং এ কথাই অগ্রাধিকারযোগ্য যে, তার স্মৃতি দুর্বলতার কারণে ও মুতাবি‘আতের বিপরীত হওয়ার কারণে তার হাদীসটি দুর্বল। আল্লাহই অধিক জ্ঞাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ শু'বা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57564

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন